

২০

ভিসি'দের সাথে রাষ্ট্রপতির  
বৈঠক

ঘটনার বিচার  
বিভাগীয় তদন্তের  
নির্দেশ

রাষ্ট্রপতি এরশাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে রোববার সংঘটিত ঘটনার বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন। তিনি বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্যদের অনুরোধের প্রেক্ষিতে ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ নিশ্চিত শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

ঘটনার বিচার বিভাগীয়

প্রথম পৃষ্ঠার পর

করতে দুষ্কৃতকারী ও সন্ত্রাসকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্যও স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দেন।

বাসস জানায় : গতকাল সোমবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটি কক্ষে উপাচার্যদের এক জরুরী বৈঠকে তিনি এ নির্দেশ দেন। রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ে একজন ছাত্র নিহত এবং উপাচার্য লাহিত হওয়ার প্রেক্ষিতে এ বৈঠক হয়।

বিচার বিভাগীয় তদন্ত পরিচালনা করবেন সুপ্রীম কোর্টের একজন বিচারক।

বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর রাষ্ট্রপতি এরশাদের সভাপতিত্বে এ বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নানকে লাহিত

করার ঘটনার তীব্র নিন্দা করে বলা হয়, এ ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দেশে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

বৈঠকে কিছুসংখ্যক শিক্ষার মাধ্যমে রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণহানি ও আহত হওয়ার ঘটনার গভীর দুঃখ ও উদ্বেগ প্রকাশ করা হয়। বৈঠকে বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসান শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার, রাষ্ট্রপতির মুখ্য সচিব এ এইচ সাদিক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান ও শিক্ষা সচিব আনাম হুসেইন বৈঠকে উপস্থিত ছিলেন।